# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২১৯/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার, ১০ মে ২০১৮, ২৭ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মহাকাশে বাংলাদেশঃ আজই উড়বে বঙ্গবন্ধু স্যাটেলাইট

২ । আগামী বাজেটে সর্বাধিক গুরুত্ব পাবে মানবসম্পদ উন্নয়ন : প্রাক-বাজেট আলোচনায়

৩। বিশ্বমানের শিক্ষার ওপর জোর দিতে হবে : স্টেট ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী

৪। রোহিঙ্গাদের জন্য ভারতীয় ত্রাণ সহায়তা গ্রহণ করলেন ত্রাণমন্ত্রী

৫ । রবীন্দ্রনাথ বাঙালির সাহসের উৎস : শাহজাদপুরে রবীন্দ্র জন্মোৎসবের সমাপনীতে সংস্কৃতিমন্ত্রী

৬। যথাযোগ্য মর্যাদায় ড. ওয়াজেদ মিয়ার মৃত্যুবার্ষিকী পালিত

৭। জাপানে বৃহত্তম তথ্যপ্রযুক্তি মেলায় যোগ দিল বাংলাদেশ

৮। সারাদেশে গতকাল বজ্রপাতে ২৮ জনের মৃত্যু

৯। হজ ফ্লাইটের টিকিট বুকিংয়ের শেষ সময় ২০ মে

১০। ইসলামিক সলিডারিটি আর্চারিতে চ্যাম্পিয়ন বাংলাদেশ

চলমান পাতা-২



১। মহাকাশে বাংলাদেশ : আজই উড়বে বঙ্গবন্ধু স্যাটেলাইট

বাংলাদেশের স্থানীয় সময় আজ **১০** মে বৃহস্পতিবার দিবাগত রাত ২টা থেকে ভোর ৫টার মধ্যে যে কোনো সময় মহাকাশের পথে যাত্রা শুরু করবে বঙ্গবন্ধু স্যাটেলাইট। তথ্যপ্রযুক্তি খাতে দেশের এগিয়ে যাওয়ার পথে যুক্ত হবে নতুন এক অধ্যায়ের। যার সূচনা করেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **১৯৭৫** সালে, বেতবুনিয়ায় দেশের প্রথম ভূ-উপগ্রহ স্থাপনের মাধ্যমে। সেই উপগ্রহই ছিল মহাকাশের সঙ্গে দেশের যোগাযোগের প্রথম সেতুবন্ধ। জাতির পিতার দেখানো পথ ধরেই আজ আকাশে উড়ছে দেশের প্রথম নিজস্ব স্যাটেলাইট 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১'। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী পরিকল্পনা, প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের সার্বক্ষণিক তত্ত্বাবধানে বিশ্বের ৫৭তম দেশ হিসেবে বাংলাদেশ আজ প্রবেশ করতে যাচ্ছে বিশ্ব স্যাটেলাইট ক্লাবে। যুক্তরাষ্ট্রের বেসরকারি মহাকাশ অনুসন্ধান ও প্রযুক্তি কোম্পানি 'স্পেসএক্স' এর ফ্যালকন-৯ রকেট ফ্লোরিডার কেইপ কেনাভেরালের লঞ্চিং প্যাড থেকে বঙ্গবন্ধু স্যাটেলাইটকে নিয়ে মহাকাশের পথে উড়াল দেবে। গতকাল (৯ মে বুধবার) রাতে ফ্লোরিডা থেকে তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম গণমাধ্যমকে বলেন, উৎক্ষেপণ কর্তৃপক্ষ জানিয়েছে সব কিছু ঠিক আছে। আমরা আশা করছি বৃহস্পতিবার উৎক্ষেপণ করা সম্ভব হবে। উৎক্ষেপণ প্রত্যক্ষ করতে স্পেসএক্সের লঞ্চিং স্টেশনে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়, তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিমসহ বাংলাদেশ থেকে যাওয়া ৪২ সদস্যের প্রতিনিধিদল। উৎক্ষেপণ অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশন ফ্লোরিডা থেকে সরাসরি সম্প্রচার করবে। সূত্র-**সমকাল ইত্তেফাক, ভোরের কাগজসহ** এবিষয়ে লিড নিউজ ছেপেছে। **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**২। আগামী বাজেটে সর্বাধিক গুরুত্ব পাবে মানবসম্পদ উন্নয়ন : প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী **২০১৮-১৯** অর্থবছরের বাজেটে সর্বাধিক গুরুত্ব পাবে মানবসম্পদ উন্নয়ন। গতকাল (৯ মে বুধবার) অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে অর্থনীতি বিষয়ক সাংবাদিকদের সংগঠন ইকোনমিক রিপোর্টার্স ফোরামের প্রাক-বাজেট আলোচনায় তিনি একথা বলেন। বাজেটে করপোরেট ট্যাক্স কমানোর ইঙ্গিত দিয়েছেন অর্থমন্ত্রী। একইসঙ্গে বাজেটে করমুক্ত আয়ের সীমা বাড়ানো হবে বলে জানান তিনি। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫)।

**৩। বিশ্বমানের শিক্ষার ওপর জোর দিতে হবে : স্টেট ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী**

নতুন প্রজন্মকে দক্ষ, নৈতিক মূল্যবোধ ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করে পরিপূর্ণ মানুষ হিসেবে তৈরি করতে বিশ্ববিদ্যালয়গুলোকে গতানুগতিকের বাইরে বিশ্বমানের শিক্ষার ওপর জোর দিতে হবে। গতকাল (৯ মে বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের সমাবর্তনে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের পক্ষে প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে যোগ দেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**৪। রোহিঙ্গাদের জন্য ভারতীয় ত্রাণ সহায়তা গ্রহণ করলেন ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, রোহিঙ্গা ইস্যু আন্তর্জাতিক সমস্যা। বিপদের সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাহায্যের হাত বাড়িয়ে দিয়ে রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছেন। প্রধানমন্ত্রীর সহযোগিতার মনোভাব দেখে বাংলাদেশের মানুষ ত্রাণসামগ্রী নিয়ে রোহিঙ্গাদের সাহায্যে হাত বাড়িয়েছে। রোহিঙ্গাদের নাগরিকত্ব নিয়ে নিজ দেশে ফিরিয়ে নিতে মায়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখা প্রয়োজন। গতকাল (৯ মে বুধবার) চট্টগ্রাম বন্দরে রোহিঙ্গাদের জন্য ভারত সরকারের দেয়া ত্রাণ সহায়তা গ্রহণকালে মন্ত্রী এসব কথা বলেন। চট্টগ্রাম বন্দরে ভারতীয় নৌবাহিনী জাহাজ 'ঐরাবতে' রোহিঙ্গাদের জন্য আনা **৩৭৩** টন ত্রাণ হস্তান্তর অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা জানান, ভারত সবসময় বাংলাদেশের দরকারে পাশে থেকেছে। আমাদের এ দুই দেশের সম্পর্কের ভিত্তি বিশ্বাস, বন্ধুত্ব ও শহিদের আত্মত্যাগ। যা সবকিছুর ঊর্ধ্বে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৫। রবীন্দ্রনাথ বাঙালির সাহসের উৎস : শাহজাদপুরে রবীন্দ্র জন্মোৎসবের সমাপনীতে সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বারে বারে ফিরে আসেন বাঙালির মনে, মননে, চিন্তায় ও চর্চায়। আমাদের সব সংকট ও সংগ্রামে রবীন্দ্রনাথ পাশে থেকে আলোর পথ দেখিয়েছেন। স্বাধীনতা যুদ্ধে আমরা রবীন্দ্রনাথকে পেয়েছি। তিনি বলেন, রবীন্দ্রনাথ বাঙালির সাহসের উৎস। গতকাল (৯ মে বুধবার) কবিগুরুর স্মৃতিবিজড়িত শাহজাদপুর কাচারিবাড়িতে আয়োজিত রবীন্দ্র জন্মজয়ন্তীর দ্বিতীয় ও সমাপনী দিনের অনুষ্ঠানে প্রধান

অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, তাঁর রচিত সংগীত ও কবিতা মহান মুক্তিযুদ্ধে আমাদের প্রেরণা জুগিয়েছে। আজ আমাদের সামনে নতুন সংকট এসেছে, সেটা হলো উগ্র সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদ। এটাকেও মোকাবিলা করছি রবীন্দ্রনাথকে সঙ্গে নিয়ে। সূত্র : **সংবাদ** (পৃ.১৬,ক.৭)।

**৬। যথাযোগ্য মর্যাদায় ড. ওয়াজেদ মিয়ার মৃত্যুবার্ষিকী পালিত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বামী ও বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ জামাতা পরমাণু বিজ্ঞানী ড. এম এ ওয়াজেদ মিয়ার নবম মৃত্যুবার্ষিকী গতকাল (৯ এপ্রিল বুধবার) যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। মরহুমের নিজ এলাকা রংপুরের পীরগঞ্জ ও ঢাকায় এ উপলক্ষে নানা কর্মসূচির আয়োজন করা হয়। এ উপলক্ষে বাদ আসর গণভবনে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর ছোট বোন শেখ রেহানা মিলাদ ও দোয়া মাহফিলে যোগ দেন। এ ছাড়া মন্ত্রী, প্রধানমন্ত্রীর উপদেষ্টা, আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের কেন্দ্রীয় নেতা, ওয়াজেদ মিয়ার আত্মীয়স্বজন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তারা এতে অংশ নেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৭। জাপানে বৃহত্তম তথ্যপ্রযুক্তি মেলায় যোগ দিল বাংলাদেশ**

জাপানের সর্ববৃহৎ তথ্য প্রযুক্তি মেলায় অংশ নিয়েছে বাংলাদেশ। টোকিওর বিগ সাইটে গত ৮ মে মঙ্গলবার থেকে শুরু হওয়া মেলাটি আগামী **১১** মে পর্যন্ত চলবে। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রী মোস্তাফা জব্বারের নেতৃত্বে বাংলাদেশের প্রতিনিধিরা দেশটির আইটি উইকে অংশগ্রহণ করেছেন। গতকাল (৯ মে বুধবার) জাপানের টোকিও দূতাবাস থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫)।

**৮। সারাদেশে গতকাল বজ্রপাতে ২৮ জনের মৃত্যু**

বজ্রপাতে প্রতিদিন কৃষক, শ্রমিক, ছাত্রসহ নানা পেশার মানুষ প্রাণ হারাচ্ছে। আহত হচ্ছে আরও অনেকে। এ নিয়ে সাধারণ মানুষের মধ্যে বজ্রপাত আতঙ্ক বিরাজ করছে। গতকাল দেশের **১৪**টি জেলায় মোট ২৮ জন নিহত হয়েছে। এর মধ্যে হবিগঞ্জে ৬, রাজশাহীতে ৩, কুমিল্লায় ৩, সুনামগঞ্জে ২, নীলফামারীতে ২, গাজীপুরে ২, কিশোরগঞ্জে ২, মানিকগঞ্জে ২, সিরাজগঞ্জে **১**, গাইবান্ধায় **১**, ময়মনসিংহে **১**, জামালপুর **১**, চাঁদপুরে **১** ও নারায়ণগঞ্জে **১** জন। এদিকে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে বজ্রপাত থেকে নিরাপদ থাকতে করণীয় নিয়ে একটি গাইডলাইন দেওয়া হয়েছে। এতে বলা হয়েছে, বজ্রপাতের আশঙ্কা হলে যত দ্রুত সম্ভব দালান বা কংক্রিটের ছাউনির নিচে আশ্রয় নেয়া, টিনের চালা যথাসম্ভব এড়িয়ে চলা। উঁচু গাছপালা, বৈদ্যুতিক খুঁটি, তার, ধাতব খুঁটি, মোবাইল টাওয়ার থেকে দূরে থাকা। প্রতিটি ভবনে বজ্রপাত নিরোধক বা নিরাপত্তামূলক ব্যবস্থা রাখা। আর বজ্রপাতে কেউ আহত হলে বৈদ্যুতিক শকে আক্রান্তের মতো দ্রুত চিকিৎসা করা বা হাসপাতালে নেয়ার পরামর্শ দেয়া হয়েছে। সূত্র : **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)। **সংবাদ, যায়যায়দিন, নিউ এজ, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। হজ ফ্লাইটের টিকিট বুকিংয়ের শেষ সময় ২০ মে**

আগামী ২০ মের মধ্য নিবন্ধিত হজযাত্রীদের বিমানের ফ্লাইট বুকিং সম্পন্ন করতে হজ এজেন্সিগুলোকে নির্দেশ দিয়েছে ধর্ম মন্ত্রণালয়। একইসঙ্গে ফ্লাইট বুকিংয়ের ভিত্তিতে হজযাত্রীদের জন্য সৌদি আরবে বাড়ি বা হোটেলে ভাড়াসহ অন্যান্য কার্যক্রম করার নির্দেশও দেয়া হয়েছে। হজ কার্যক্রম অংশগ্রহণকারী ৫২৮টি এজেন্সিতে গত ৮ মে মঙ্গলবার এ সংক্রান্ত একটি চিঠি পাঠিয়েছে মন্ত্রণালয়। সূত্র : **বণিক বার্তা** (শেষ পৃ.,ক.১)।

**১০। ইসলামিক সলিডারিটি আর্চারিতে চ্যাম্পিয়ন বাংলাদেশ**

আন্তর্জাতিক ইসলামিক সলিডারিটি আর্চারি চ্যাম্পিয়নশিপে দ্বিতীয়বারের মতো শ্রেষ্ঠত্ব ধরে রেখেছে বাংলাদেশ। গতকাল (৯ মে বুধবার) ঢাকায় শেষ হওয়া আসরে ৫টি স্বর্ণ, ৫টি রৌপ্য ও একটি ব্রোঞ্জপদক জিতে টানা দ্বিতীয়বারের মতো শ্রেষ্ঠত্ব ধরে রেখেছে বাংলাদেশ। প্রথম আসরের মতো দ্বিতীয় আসরেও চ্যাম্পিয়ন স্বাগতিকরা। মওলানা ভাসানী হকি স্টেডিয়ামে গতকাল কম্পাউন্ড বিভাগে চারটি ও রিকার্ভ বিভাগে একটি স্বর্ণ জিতেছে বাংলাদেশ। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ, ইত্তেফাক :** মহাকাশে যাত্রার চূড়ান্তক্ষণে বাংলাদেশের প্রথম স্যাটেলাইট বঙ্গবন্ধু-১ উল্লেখ করে উৎক্ষেপণ সফল হলে বিশ্বের ৫৭তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইটের মালিক হবে বাংলাদেশ বলে মন্তব্য।

খ. **ইত্তেফাক** : রাজধানীতে বিশুদ্ধ পানির সংকট তীব্র হয়েছে উল্লেখ করে এ সংকট মোকাবিলায় যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** দেশে বজ্রপাতে একদিনে ২৬ জনের প্রাণহানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ দুর্যোগ থেকে সুরক্ষায় সচেতনতামূলক কার্যক্রম জোরদার করার সুপারিশ।

ঘ. **সংবাদ** : এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশের পর ১০ জন শিক্ষার্থী আত্মহত্যা এবং আরও ২২ শিক্ষার্থী আত্মহত্যার চেষ্টা করেছে এ তথ্যে দুঃখ প্রকাশ করে এক্ষেত্রে স্কুলে ও অভিভাবকদের এ ধরনের প্রবণতা বন্ধে শিক্ষার্থীদের সাথে কাউন্সিলিং করার আহ্বান।

ঙ. **ইনকিলাব :** সড়ক-মহাসড়কের বেহাল অবস্থার কারণে সড়ক পথে চলাচলে ঝুঁকি, যানজট ও দুর্ঘটনার হার ক্রমেই বেড়ে চলছে উল্লেখ করে বর্ষা ও ঈদের আগেই এগুলো মেরামতের ওপর গুরুত্বারোপ।

চ. **ভোরের কাগজ, যুগান্তর :** রাজধানীতে দুই বাসের চাপায় হাত হারানো তিতুমীর কলেজের শিক্ষার্থী রাজীব হোসেনের চিকিৎসাধীন অবস্থায় মারা যাওয়ার ঘটনায় তার দুই ভাইকে এক কোটি টাকা দিতে ক্ষতিপূরণ দেওয়ার হাইকোর্ট নির্দেশ দিয়েছে উল্লেখ করে এ যুগান্তকারী রায় সড়ক দুর্ঘটনা প্রতিরোধে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : দেশব্যাপী হারবাল মেডিসিনের ব্যাপক চাহিদা থাকায় হারবাল ওষুধি গাছের চাষ, রক্ষণাবেক্ষণ ও বাজারজাতকরণের ব্যাপারে জনসচেতনতা বাড়ানোর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান** : রাজধানীর বিদ্যমান নানাবিধ সমস্যার সমাধানে ডিটেইল্ড এরিয়া প্ল্যান ড্যাপ চূড়ান্ত করে তা সঠিকভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি স্টার, নিউ নেশন :** হযরত শাহজাজাল আন্তর্জাতিক বিমানবন্দরে লাগেজ হ্যান্ডেলিংয়ে ধীর গতির কারণে যাত্রীদের হয়রানির পরিপ্রেক্ষিতে লাগেজ হ্যান্ডেলিং ব্যবস্থাকে গতিশীল করতে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

ঝ. **নিউ নেশন, ডেইলি স্টার** : এসএসসি পরীক্ষায় গ্রামের অনেক স্কুলে কেউ পাস না করায় এসব স্কুলে মানসম্পন্ন শিক্ষক নিয়োগের ব্যবস্থাকরাসহ পাঠদানের পদ্ধতির উন্নয়নে শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণের দ্বারা দক্ষ ও যোগ্যতাসম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়নে গবেষণার প্রতি বিশেষ দৃষ্টি দিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'থ্যালাসেমিয়া প্রতিরোধে সচেতনতার বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, থ্যালাসেমিয়া রোগের চিকিৎসা বিষয়ে চিকিৎসক ও স্বাস্থ্য পরিচর্যাকারীদের প্রয়োজনীয় ও উন্নতমানের প্রশিক্ষণ গ্রহণের সুযোগ সৃষ্টি করতে হবে।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা